

## বোধ পরীক্ষণ

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখ।

রমা বিহ্বল হতবুদ্ধির ন্যায় ফ্যাল ফ্যাল করিয়া চাহিয়া রহিল, একটা কথা ও তাহার মুখ দিয়া বাহির হইল না। রমেশ তেমনি শান্ত- তেমনিই দৃঢ় কণ্ঠে কহিল, আমার দুর্বলতা কোথায় সে তোমার অগোচর নেই বটে; কিন্তু সেখানে পাক দিয়ে আর একবিন্দু রস পাবে না- বলে দিয়ে যাচ্ছি। আমি কী করবো তাও এই সঙ্গে জানিয়ে দিয়ে যাই। এখনই জোর করে বাঁধ কাটিয়ে দেব- তোমরা পারো আটকাবার চেষ্টা করো গে- বলিয়া রমেশ চলিয়া যায় দেখিয়া রমা ফিরিয়া ডাকিল। আহান শুনিয়া রমেশ নিকটে আসিয়া দাঁড়াইতে কহিল, আমার বাড়িতে দাঁড়িয়ে আমায় যত অপমান করলেন, আমি তার একটাও জবাব দিতে চাইনে; কিন্তু এ কাজ আপনি কিছুতেই করবেন না।

### প্রশ্ন

১. রমেশ রমাকে কী বলে?
২. উত্তরের রমা কী জানায়?
৩. রমা রমেশকে কোন কাজ করতে নিষেধ করে ?
৪. রমেশ দৃঢ়কণ্ঠে রমাকে কী জানিয়ে যায় ?
৫. বিপরীত শব্দ লেখ- দুর্বলতা